

হিরোশিমা কথা বল
র. আমিন

# যে হিরোসিমা কথা বলে

- র.আমিন

| | |
|---|---|
| প্রকাশকাল | : এপ্রিল, ২০২০ |
| প্রকাশক | : Amazon.com Inc., USA |
| পরিবেশক | : Amazon.com Inc., USA |
| প্রচ্ছদ | : গোলাম সরোয়ার |
| সত্ত্ব | : লেখক |
| শুভেচ্ছা মূল্য | : USD 10/- |

---

Je Hirosima Kotha Bole by R.Amin
Published by Amazon.com Inc., USA in April, 2020
Price: USD 10 Only
ISBN # 9781727794536

| | |
|---|---|
| র. আমিন | ০৫ |
| মোর রক্তবীজ | ০৮ |
| শুধু তোমার জন্য কবিগুরু | ০৯ |
| কাজীদার প্রতি | ১০ |
| ফাগুনকে স্বপ্ন দেখি | ১১ |
| বিষাক্ত ছুটি | ১২ |
| একদিন বিকেলে সংসদ ভবনে | ১৩ |
| একটি ষ্টেশন ; কিংবদন্তীর মত | ১৪ |
| ঘাতক নই আমি | ১৫ |
| অবশেষে | ১৬ |
| মহাপ্রয়াণের পথে | ১৭ |
| তারপর | ১৮ |
| এবং | ১৯ |
| দ্বিপ্রহরে একদিন | ২০ |
| ধ্রুবতার বিষক্রিয়া | ২১ |
| মানচিত্র | ২২ |
| মানুষ | ২৩ |
| ২৪ | পথ |
| ২৫ | সিঁড়ি |
| ২৭ | শিরোনামহীন |
| ৩০ | আছে নেই |
| ৩১ | তুমি-আমি |
| ৩২ | অনামিকা |
| ৩৩ | কবিতাদেবী |
| ৩৫ | আরেক বনলতা |
| ৩৬ | আহ্বান করি সেই অপরাজিতাকে |
| ৩৭ | সুমন চট্টোপাধ্যায় |
| ৩৯ | প্রেয়সী রাজপথ |
| ৪০ | গন্তব্য |
| ৪১ | নিবেদন |
| ৪২ | কবিতা |
| ৪৩ | নৈ:শব্দের শব্দ শুনি |
| ৪৪ | তুমি কি একটি মারণাস্ত্র দিতে পার |

# র .আমিন

(১)

আসিয়াছি এই বিশ্বে আশীর্বাদ হেতু
কাল মহাকাল বাপী

চোখে মোর নেতাজী
আবেগে তীতুমীর
হৃদয়ে মোর স্বামীজী
প্রীতিলতা সম মম উবশী
বিরঙ্গনা দুহিতা সারথী মোর
মম পূজারী বন্ধু
নির্ঘুম চিহ্নের দেবী মোর
ক্ষুদিরাম সম মম নবজাতক
মম আহ্লাদি রক্তবীজ
হাজার ক্ষুধায় আগ্রাসী সদা

আজিও বেঁচে আছো তব হৃদয়
আজি নিরাশার আশা লয়ে জেগে আছো
মুঢ়তা অজ্ঞতা আজি গ্রাস করিছে সরলতা
বিচলিত করো মোরে বিচলিত করো
নাহি চাহ লজ্জার আপমৃত্যু
চাহ ভাঙ্গিতে স্বৈরতন্ত্র লয়ে পৃথিবীর ত্যাগ
তব দৃষ্টি দাও একটিবার মহাশূন্য হতে
হেতা লোভের পরমানু জেগে আছে যুগ যুগ ধরি
এসো তব আলিঙ্গন করি ভাঙ্গিতে তারে

মোর রানী মোর উর্বশী
মসৃণ তব অনামিকার মেহেদী
অস্থির করে মোর হৃদপিণ্ড
বনলতা সম অনিন্দ, দিতে পারো দু'দণ্ড শান্তি
শরত কল্পনার অসহায়া
মোর বিজয়া অচলা
পেয়েছো সদা দাহ আর দাহ
আহত করে মোরে ক্ষণে ক্ষণে
তব একটি দর্শন দিতে পারে মুক্তি
হতে পারো সাথি ইলামিত্র সম
মোর পূজারী রানী আহ্বান করি বারে বারে

শুনিবে কি নবজাতক
তব সুখি মানুষের গান
যবে উনবিংশ একটি সেকেন্ড সম
পাক-ভারত মানচিত্র আজি ঢেকে দেয়
হিমালয় সম সুখ
সম একটি আধুলি তব তার দ্বারে
মেকি সালাম সদা ঠুকে যায় পাথর নদীরা
পোষা রাজাও আজি থর থর করি কাঁপে
নাহি দৃষ্টি নত তোমা হতে
পুষ্টিহীন হাসিতে সদা ঘৃণা আর ঘৃণা
গিলে খেতে চাহ তব সব সুখ
এস মোর রক্তবীজ এস মোর দ্বারে

অভিজাত পতনের লগ্নে আজি
অশান্ত মহাসমরের রাতে আজি
শুনি বাঁধ ভাঙ্গার আহ্বান দূর হতে
রচি বর্ণমালা
অশান্তের বিক্ষোভের সহস্র যুদ্ধের
হৃদয়ে মোর অটল প্রতিজ্ঞার দাবানাল
চোখে মোর শোষণের শাশ্বত বহ্নি
ঠোটে মোর অভয় বানী বিপ্লব অনিবার্য
মম বিস্ময় আজি
মম বিস্ফোরণ আজি
মম ইতিহাস আজি

(২)

বঙ্গদেশের চিলেকোঠায় আজো জেগে আছি
বিশ্ব নাগরিক এক

মনে পড়ে যায়
হেমন্তের হলুদ ময়দান
অপরাজেয় বাঙলা
দিলখুশার পোস্ট অফিস
মহাশূন্য হতে দেখি
কাঞ্চনজঙ্ঘা স্ট্যাচু অব লিবার্টি

বলিভিয়ার অরণ্যে গেরিলার চোখ
আমাজানের ওপারে ফিদেল-চে
রেড স্কোয়ারে শায়িত অজস্র বলশেভিকের কফিন
দিয়ে গেছে অভয় বানী
প্রশান্তের পাড়ে জাগে আরেক ভিয়েতমিন

দোআঁশ প্রেমের এই শতাব্দিতে
মাঝরাতে খুঁটিয়ে খুঁটিয়ে আবিস্কার করি
হেগেল মার্ক্সের দ্বন্দ্ব
অনায়েসে গিলে ফেলি জটিল সুত্র
ফিরে পাই এক নব উত্তাপ

(৩)

ক্ষুধায় ক্ষুধার্ত আমি
ক্রোধে ক্রোধান্বিত আমি
রণক্ষেত্রে প্রতিবিপ্লবী রুখতে
বিধ্বংসী আমি

## মোর রক্তবীজ

ইদানিং বড্ড একা একাই কেটে যায় নৈশ প্রহর গুলো
বাসন্তী কোকিলেরা আর ডেকে ওঠে না ।
একটি শোকরাতে ক্যান যেন ছুটে যাই পেয়ারাতলার সমাধিতে ;
আমার রক্তেরা এখানে ঘুমিয়ে আছে
শিরা উপশিরা অস্থি সব মিশে আছে।

বাবা বেশ প্রগতিবাদী ছিলেন
তর্জনীর নিম্নচাপে আজো কেঁপে ওঠে প্রগতির পালক ;
আর মা, সরলা এক নারী
পোষ-পাবনের পিঠের গন্ধে এখনও ভরে আছে বাতাস।

জাগতিক আত্মারা আর ভুলেও পথ বাড়ায়না পেয়ারাতলায়
ঝিঁঝিঁরা এখন বাসা বেঁধেছে সেখানে
একটি আদরের ফসল
প্রতি নবান্নে দুঃখের সুখকে খুঁজে বেড়ায় ।

## শুধু তোমার জন্য কবিগুরু

প্রতিরাতে দেয়ালে আঁটা তোমাকে দেখি আমি
নির্ঘুম চোখের অন্য ক্যামেরায়, তোমার চোখ
বিপ্লবের কথা বলে।

‘আজি শতবরষ পরে’
শুকিয়ে গেছে তোমার গোলাপ ;
কবিতার পঙক্তিরা প্রকৃতির সাথে যায় না অভিসারে

কতগুলো বলিষ্ঠ চোখের মৃত্যু হল আজ।

## কাজীদার প্রতি

কবিতাদের সুর হারায়
জেগে ওঠে নগ্ন সূচিপত্র ।
এক বিদ্রোহী উৎসবে
ভাঙ্গা টেবিলের অগ্নিবীণা সংগ্রাম করে ;
আবার জন্ম হোক,
সেই নটরাজের, সেই বিদ্রোহী রণক্লান্তিহীনের ;
সৃষ্টি সুখের উল্লাসে যার, চোখ হাসে মুখ হাসে
টগবগিয়ে খুন হাসে ।

## ফাগুনকে স্বপ্ন দেখি

প্রতিদিন স্বপ্ন দেখি ফাগুনকে
রক্তের ডাকে ঘুম ভেঙ্গে যায় মধ্যরাতে ।
অজস্র দীপ্ত মশাল দিক বিদিক
লাল সাহস নিয়ে বাংলার ক্লোরোফিলরা এগিয়ে যায় ;
ফাগুন আজ সবখানে
কবির বলপেনের কালিতে,
কৃষ্ণচূড়ার ডালে, পড়ার টেবিলে, সদ্য মুদ্রিত কবিতায় ।

ফাগুন আবার আসে চেতনার দ্বারে
হাঁক ছাড়ে, ভাষার ভিখারি ............
দিতে পারেন
আন্দোলনের যুদ্ধের সংগ্রামের শুদ্ধ শব্দাবলি
একটি
অন্যরকম কংক্রিটের মিনার;
হাঁক ছাড়ে, হাঁক ছাড়ে
প্রতিদিন ঘুম ভেঙ্গে যায় মধ্যরাতে ।

ISBN 978172779 4536